৩০ শে নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ পর্যন্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে:

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০

ক্রম	এমআরটি লাইনের নাম	পর্যায়	সম্ভাব্য সমাপ্তির সাল	ধরণ
১.	এমআরটি লাইন-৬	প্রথম	২০২৫	উড়াল
২.	এমআরটি লাইন-১	দ্বিতীয়	২০২৬	উড়াল ও পাতাল
৩.	এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট		২০২৮	
৪.	এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	তৃতীয়	২০৩০	
৫.	এমআরটি লাইন-২			
৬.	এমআরটি লাইন-৪			

MRT Line-6 বা বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ অনুসরণে ২১.২৬ কিলোমিটার দীর্ঘ প্রায় ৩৩,৪৭২ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে উত্তরা উত্তর হতে কমলাপুর পর্যন্ত Mass Rapid Transit (MRT) Line-6 বা বাংলাদেশের প্রথম মেট্রোরেলের নির্মাণ কাজ পুরোদমে এগিয়ে চলছে। ৩০ নভেম্বর ২০২২ তারিখ পর্যন্ত সার্বিক গড় অগ্রগতি **৮৪.২২%**। প্রথম পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত উত্তরা তৃতীয় পর্ব হতে আগারগাঁও অংশের পূর্ত কাজের অগ্রগতি **৯৫.০০%**। দ্বিতীয় পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত আগারগাঁও থেকে মতিঝিল অংশের পূর্ত কাজের অগ্রগতি **৮৫.৭৬%**। ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল সিস্টেম এবং রোলিং স্টক (রেলকোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ কাজের সমন্বিত অগ্রগতি **৮৪.৮৭%**। মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুসরণে MRT Line-6 মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত ১.১৬ কিলোমিটার বর্ধিত করার নিমিত্ত গত ২৮ নভেম্বর ২০২২ তারিখ ঠিকাদারী প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি স্বাক্ষর করা হয়েছে।

প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি

Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) মোট ৮টি প্যাকেজে বাস্তবায়ন করা হচ্ছে। ৩০ নভেম্বর ২০২২ তারিখ পর্যন্ত প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

- **প্যাকেজ-০১ (ডিপো এলাকার ভূমি উন্নয়ন):** এই প্যাকেজের বাস্তব কাজ গত ৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখ শুরু হয়ে নির্ধারিত সময়ের ০৯ (নয়) মাস পূর্বে গত ৩১ জানুয়ারি ২০১৮ তারিখ সমাপ্ত হয়েছে। এতে সরকারের ৭০ কোটি ৫৮ লক্ষ টাকা সাশ্রয় হয়েছে। এই প্যাকেজের বাস্তব অগ্রগতি ১০০%।
- **প্যাকেজ-০২ (ডিপো এলাকার পূর্ত কাজ):** এই প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু হয়। ডিপোর অভ্যন্তরে নির্মাণের জন্য নির্ধারিত মোট ৫২টি অবকাঠামোর মধ্যে সকল অবকাঠামোর নির্মাণ কাজ গত ২০ জুন ২০২২ তারিখ সম্পন্ন হয়েছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ১০০%।
- **প্যাকেজ-০৩ ও ০৪ (উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত ১১.৭৩ কিলোমিটার ভায়াডাক্ট ও ৯টি স্টেশন নির্মাণ):** উভয় প্যাকেজের কাজ ১ আগস্ট ২০১৭ তারিখ শুরু হয়েছে। ইতোমধ্যে ০৯টি (নয়) স্টেশনের মধ্যে সকল স্টেশনের যাবতীয় পূর্ত,

Mechanical, Electrical and Plumbing (MEP), Architectural, Fire Figting System, Diesel Generator, Sewerage Treatment Plant (STP) ও লাইট স্থাপনের কার্যক্রম সমাপ্ত হয়েছে। শেওড়াপাড়া স্টেশনের একটি Entry/Exit এর Escalator স্থাপনের জন্য পূর্ত কাজ চলছে। MEP কাজের Testing এবং Commissioning কার্যক্রম শেষ পর্যায়ে আছে। এই প্যাকেজ দুটির সমন্বিত বাস্তব অগ্রগতি ৯৭.৬০%।

- **প্যাকেজ-০৫ (আগারগাঁও থেকে কারওয়ান বাজার পর্যন্ত ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্ট ও ৩ টি স্টেশন নির্মাণ কাজ):** এই প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। ইতোমধ্যে ভায়াডাক্ট ও স্টেশনসমূহের প্ল্যাটফর্ম পর্যন্ত কাজ সম্পন্ন হয়েছে। এই প্যাকেজের আওতাধীন মেট্রোরেল স্টেশনসমূহের Entry/Exit, Mechanical, Electrical and Plumbing (MEP) ও Architectural কাজ চলমান আছে। ফার্মগেট ও কারওয়ান বাজার স্টেশনে Roof Sheet স্থাপন সম্পন্ন হয়েছে। বিজয় সরণি স্টেশনে Roof Sheet স্থাপনের কাজ চলমান রয়েছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৯০.২৪%। উত্তরা ডিপো এলাকায় নির্মিত Metro Rail Exhibition & Information Center বা মেট্রোরেল প্রদর্শনী ও তথ্য কেন্দ্র এ দর্শণার্থীদের পরিদর্শনের জন্য গত ০৭ সেপ্টেম্বর ২০২২ তারিখ উন্মুক্ত করে দেয়া হয়েছে। মেট্রোরেল চলাচলে সচেতনতা তৈরিতে **মেট্রোগার্ল স্কুলে যায় মেট্রোরেলে চড়ে** নামক পুস্তিকা দর্শণার্থীদের মাঝে বিতরণ করা হচ্ছে।

- **প্যাকেজ-০৬ (কারওয়ান বাজার থেকে মতিঝিল পর্যন্ত ৪.৯২২ কিলোমিটার ভায়াডাক্ট ও ৪ টি স্টেশন নির্মাণ কাজ):** এই প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। ইতোমধ্যে ভায়াডাক্ট ও স্টেশনসমূহের প্ল্যাটফর্ম পর্যন্ত কাজ সম্পন্ন হয়েছে। এই প্যাকেজের আওতাধীন সকল মেট্রোরেল স্টেশনসমূহের Entry/Exit, Mechanical, Electrical and Plumbing (MEP) ও Architectural কাজ চলমান আছে। শাহবাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ সচিবালয় স্টেশনে Roof Sheet স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। মতিঝিল মেট্রোরেল স্টেশনে Roof Sheet স্থাপনের কাজ চলছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৯০.৭৪%।

- **প্যাকেজ-০৭ (ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম):** ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম সরবরাহ ও নির্মাণ কাজ গত ১১ জুলাই ২০১৮ তারিখ শুরু হয়েছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৯০.১৭%।

  উত্তরা ডিপো: ডিপো এলাকায় রেলওয়ে ট্র্যাক এবং বৈদ্যুতিক স্থাপনা ও যন্ত্রপাতি স্থাপনের কাজ সম্পন্ন করে কমিশনিং করা হয়েছে।

  উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত অংশ: ভায়াডাক্টে উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত সম্পূর্ণ অংশে রেল লাইন, Overhead Catenary System এবং সিগনালিং সিস্টেমের ইকুইপমেন্ট স্থাপন করে টেস্টিং সম্পন্ন করা হয়েছে। উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত অটোমেটিক ফেয়ার কালেকশন (AFC) ইকুইপমেন্ট স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। AFC সার্ভারের সংগে ডিটিসিএ-এর ক্লিয়ারিং হাইজ সার্ভারের ইন্টেগ্রেশন টেস্ট শেষ পর্যায়ে আছে।

  আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত অংশ: মতিঝিল রিসিভিং সাব-স্টেশন (RSS) এর ভবন নির্মাণ সম্পন্ন করে যাবতীয় বৈদ্যুতিক সরঞ্জামাদি স্থাপন ও ১৩২ কেভি ক্যাবল লেইং-এর কাজ সম্পন্ন হয়েছে। আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত সম্পূর্ণ অংশে (১৬.১৯ ট্রাক-কিলোমিটার) রেল লাইন ও OCS Portal স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। ১৯.৮৯ কিলোমিটার OCS ওয়্যারিং এর মধ্যে ১৩.৭৩ কিলোমিটারের ওয়্যারিং সম্পন্ন হয়েছে।

- **প্যাকেজ-০৮ [রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ]:** এই প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু করা হয়েছে। সংগৃহীতব্য ২৪টি ট্রেন সেটের মধ্যে ১৯টি ট্রেন সেট ইতোমধ্যে ঢাকার উত্তরাস্থ ডিপোতে পৌঁছেছে। এই মেট্রো ট্রেনগুলোর প্রয়োজনীয় কারিগরি পরীক্ষা ও Functional Test এবং Performance Test চলছে। গত ২৯ নভেম্বর ২০২১ তারিখ থেকে মিরপুর-১০ মেট্রো স্টেশন পর্যন্ত এবং গত ১২ ডিসেম্বর ২০২১ তারিখ থেকে আগারগাঁও পর্যন্ত Performance Test করা হয়েছে। গত ০১লা সেপ্টেম্বর ২০২২ তারিখ System Integration Test শুরু হয়েছে। ২০তম ও ২১তম ট্রেন সেট জাপানের কোবে সমুদ্র বন্দর হতে যাত্রা শুরু করে গত ২৭ নভেম্বর ২০২২ তারিখ বাংলাদেশের মোংলা সমুদ্র বন্দরে এসে পৌঁছেছে। মোংলা বন্দরে শুল্ক ও ভ্যাট সম্পর্কিত কার্যাবলি সম্পাদন শেষে মেট্রো ট্রেন সেটদ্বয় মোংলা সমুদ্র বন্দর হতে উত্তরাস্থ ডিপোতে পৌঁছানোর সম্ভাব্য সময় ডিসেম্বর ২০২২ মাসের শেষ সপ্তাহ। এই প্যাকেজের বাস্তব অগ্রগতি ৮৪.৫০%।